JAN. 2? 2001

তারিখ ...

পৃষ্ঠা 2 ... কলাম ... ৩....

# ৬ ফেব্রুয়ারির মধ্যে ছয় দফা পূরণের দাবি জানিয়েছে শিক্ষক কর্মচারী ঐক্যজোট

**স্টাফ রিপোর্টার ॥** শিক্ষক কর্মচারী ঐক্যজোট নেতৃবৃন্দ আগামী ৬ ফেব্রুয়ারির মধ্যে ছয় দফা দাবি পূরণ এবং শিক্ষক স্বার্থবিরোধী নয় দফার ধারাসমূহ বাতিলের দাবি জানিয়েছেন। তাঁরা বেসরকারী কলেজে চাকরিরত প্রভাষকদের দু'বছর পূর্ণ হবার পর পরবর্তী উচ্চতর স্কেল প্রদানের বিষয়টি স্থগিত রাখায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন।

ঐক্যজোট আয়োজিত ঢাকা বিভাগীয় সমাবেশে গত বৃহস্পতিবার এই দাবি জানানো হয়। রাজধানীর মিরপুর কলেজে অধ্যক্ষ ইসহাক হোসেনের সভাপতিত্বে এ সময় বক্তৃতা করেন বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যাপক এম শরীফুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়া, অধ্যক্ষ রাজিয়া হোসেন, চৌধুরী শহীদ হোসেন, অধ্যাপক সিদ্দিকুর রহমান, মাওলানা এমএ বাতেন, সাহাবুদ্দিন দেওয়ান প্রমুখ।

বক্তারা তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্তির দাবি জানান। তাঁরা বলেন, ২৪ আগস্ট নয় দফা চুক্তি হবার আগে যাঁরা শিক্ষক হিসাবে ঢুকেছেন তাঁদের এমপিওভুক্ত না করাটা অমানবিক।